সমান্তরাল

PARALLELE

Mahmud Shah Qureshi
Personal Copy
Not to be Transferred
2004

স মা ন্ত রা ল

বাঙলা-ফরাশি কবিতা

মূলসহ অনুবাদ

অনুবাদ : প্রলয় দত্ত

সহযোগীতা : জেরার ত্যাপ্যুই

সম্পাদনা : ডঃ মাহমুদ শাহ কোরেশী

MAHMUD SHAH QURESHI
MSQ

Parallèle
সমান্তরাল

বাঙলা-ফরাশি কবিতা
poèmes français et bengalis

traduits par : Proloy DUTTA

অনুবাদ : প্রলয় দত্ত

সহযোগীতা : জেরার দ্যুপ্যুই

assisté par : Gérard DUPUY

poèmes illustrés par : Marie - France MANAS

ইলাষ্ট্রেশন : মারী-ফ্রুন্স-মানাস

সম্পাদনা : ডঃ মাহমুদ শাহ্ কোরেশী

présentés par : Dr. Mahmud Shah QURESHI

publiés au nom de l'Alliance Française
par : Juned A. CHOUDHURY, secrétaire
et : Rasul NIZAM, trésorier

আলিয়ঁস ফ্রঁসেজের পক্ষে
প্রকাশ করেছেন :- জুনেদ এ, চৌধুরী. সম্পাদক
এবং রসুল নিজাম, কোষাধ্যক্ষ

আ লি য়ঁ স ফ্রঁ সে জ্ চ ট্ট গ্রা ম
১৯৭৬

ALLIANCE FRANCAISE DE CHITTAGONG
1976

Voici un livre. un petit mais nouveau livret de poésies en traduction. C'est à dire de "belles infidèles" comme le disent les français. Ces belles qui nous invitent, restant côte a côte, face à face ou PARALLELE. Nous ne serons pas trompés si nous répondons a cet appel car au lieu de perdre le temps, voire la paix nous serons plutôt illuminés.

Le projet a pris son début ainsi. D'abord Proloy Dutta, étudiant assidu de l'Alliance Française et un jeune écrivain avaient commence de traduire quelques poèmes en français. Ensuite Gérard Dupuy, Directeur des cours de l'Alliance Française, eut cette nouvelle idée : ajuster parallèlement dans les deux langues des poèmes sur le même thème. Marie-France Manas y ajoute ses dessins pour augmenter le rapprochement des idées. Enfin c'est à moi que l'on a demandé de faire les dernières mises au point et de présenter les poèmes par une introduction. C'est ainsi, malgré nos efforts apparemment dispersés, que ce livret a pris cette conception heureuse, du moins le croyons-nous.

Que ce recueil reçoive un accueil chaleureux des amoureux de la poésie et cela nous soulagera de notre lourde tâche ! Faut-il dire que ceci n'est pas une anthologie représentative de la poésie française ou bengalie ? L'effort n'est pas dans cette direction et le choix des poèmes est la loi du hasard.

"Le soleil du premier jour," notre premier poème est de Tagore, c'est l'un de ses derniers poèmes. L'on sait que Tagore (1861-1941) fut prix Nobel bengali pour la littérature et sa renommée mondiale est encore loin d'être éclipsée. Joint à ce poème on trouvera "Le couplet de la rue de Bagnolet" de Desnos. Robert Desnos fut d'abord un surréaliste et ensuite devint célèbre pour ses poèmes romantiques. Arrêté par les nazis pour sa participation à la résistance, il trouva la mort en exil.

C'est ensuite "l'Histoire d'un coq" de Sukanta Bhattacharya (1926-1947). Sukanta ce prodige apporta une sensibilité particulière de néo-réalisme issue d'une prise de position politique. Nous vous proposons de lire avec celui-ci, "Le prisonnier" de Boris Vian (1920-1951) qui dans une vie étalée sur moins de quarante années a laissé une oeuvre considérable : romans, nouvelles, pièces de théâtre. Comme génie-créateur, il est l'exemple de lui-même. Suivant les chemins du surréalisme et de l'existentialisme, il apporte un essor nouveau dans le domaine culturel et littéraire en tant qu'acteur, chanteur, instrumentiste de jazz, journaliste et enfin écrivain. Son oeuvre laisse encore les jeunes français admiratifs.

Shahid Quadri (né en 1924) écrit depuis les années cinquante et posssède un style très personnel dans ses thèmes et leurs expressions. "Ma chérie" est l'un des poèmes de son recueil populaire du même nom. C'est Prévert avec "Pour toi mon amour" qui accompagne Shahid. Bien des ressemblances entre Quadri et Prévert (né en 1900) non seulement en ce qui concerne les sujets traités mais aussi dans l'emploi des mots. Comme Desnos, Prévert fut l'un du Groupe Surréaliste. Il écrivit également un grand nombre de Poèmes et de chants très populaires en France et dans les pays francophones. La raison de son succès ; c'est l'emploi des mots simples et une certaine satyre des idées préconçues. Récemment vient de paraître "L'Arbre".

Vient ensuite le poème de Syed Ifzal Ahmed (né en 1945) étudiant de notre Alliance. Une sensibilité cosmopolite est gravée dans sa conscience poètique. Il est parrainé ici par Paul Claudel (1868-1955). C'est l'un des plus célèbres génies français. Il a une réputation mondiale en tant que poète, dramaturge et diplomate. De la voix de Rimbaud, il trouva la signification de la vie dans une spiritualité religieuse.

Shamsur Rahman (né en 1929) est le plus prolifique génie poètique de la génération nouvelle : post-coloniale . Il est aujourd'hui le poète le plus populaire, une position acquise par sa vie assidue de poète. Certes, une modernité de l'expression et de la pensée ainsi qu'un mélange harmonieux de romantisme et de réalisme sont aussi à l'origine de cette position. Une sensibilité aigüe mais pure de poète le garde toujours en éveil pour trouver ses thèmes dans la réalité quotidienne. Paul Eluard (1895-1952) poète d'un arrière plan plus vaste et de même ton, tantôt c'est la protestation contre la guerre ou le chant pour la liberté qui le préocupent. Il fut l'un des fondateurs du Groupe Surréaliste et ne s'en est jamais tout à fait libéré. Il sut, malgré son engagement, s'exprimer comme un humaniste et se pencher sur les beautés classiques.

Abdul Mannan Syed (né en 1943) est un jeune poète de talent qui a, me semble-t-il, une conviction, artistique innée. Dans ces dernières dix années il a publié un grand nombre de poèmes, nouvelles et romans. De plus c'est également un critique désinvolte. Par contre Eugène Guillevic (né en 1907) est un personnage mûr et sûr. Il est resté à l'écart du surréalisme de son époque. Sa poésie élémentaire et minérale à une précision remarquable dans l'expression. Dans les années cinquante, il s'engage avec l'extrême gauche mais reste fidèle à une fraternité généreuse. Il obtient en cette année 1976 le grand prix de poésie de l'Académie Mallarmé.

Enfin c'est le poème de Pierre Reverdy (1889-1960) qui dès son très jeune âge écrivait des poèmes un peu bizarre, dans sa ville natale de Narbonne. En 1910 il s'installe à Paris et participe au mouvement cubiste. Malgré la marque de Rimbaud, il a su se créer un style personnel et rapporter des images bouleversantes. Selon lui, "le poète se tient à l'intersection du rêve et de la réalité". Les sentiments de la solitude et de l'absurdité sont déjà ancrés chez Reverdy avant Camus. Après 1926 il entre dans le domaine de la poésie hermétique, mais sa création fut toujours séminale. Comme lui, Syed Ali Ahsan (né en 1922), poète et intellectuel influent perçoit dans la nature sa conception du monde par laquelle il tente de découvrir la signification de l'existence. Sa carrière poètique est faite d'innovation et d'expérimentation permanente. Il publie sa "poésie complète" en 1974. Il considère la poésie comme l'art de la sensibilité consciencieuse. Il continue d'affirmer "si la sensibilité n'est pas contenue par l'esprit et raffinée par l'intelligence, cette sensibilité peut alors créer des brouillards". C'est pourquoi les poèmes qui résident sur la sensibilité seule ne possèdent pas le merveilleux.

C'est ainsi que nous complétons un petit parcours d'un monde merveilleu... Cela peut-être réalisé, semble-t -il par "le coeur des mots merveilleux et désordonnés" (Syed Ali Ahsan) des poètes de deux langues différentes. C'est juste de cela que l'on a besoin si l'on veut parvenir à une langue universelle de la poésie dont parlait Rimbaud". Cette langue sera de l'ame pour l'âme remuant tout, parfums, sons, couleurs, de la pensée accrochant la pensée et tirant." "Croire à la poésie, disons-le avec Roger Caillois, j'imagine que c'est estimer qu' il y a quelque chose de commun entre Homère et Mallarmé."

Nous pensons pouvoir accomplir cette tâche en présentant un livre "neuf" de poèmes Bengalis et Français avec leurs traductions et nous sommes d'accord avec Malraux lorsqu'il dit : "La poésie aussi à grand besoin de son musée imaginaire : d'une anthologie qui ne ramène pas le passé à une suite de précurseurs des maitres que l'auteur admire et pose la question "Qu' est-ce que la poésie ?" Qui tente de préciser enfin "par quoi Homère s'unit à Mallarmé dans notre admiration".

Mahmud Shah Qureshi,
Président de
l'Alliance Française
de Chittagong.

বইটি ছোট কিন্তু অভিনব। কবিতার কিংবা অনুবাদের-ফরাশিরা যাকে বলে, 'লে বেল্‌জ্যাফিদেল্' অর্থাৎ অনির্ভরযোগ্য রূপসী—এ যেন তাদের মেলা। —সমান্তরাল অবস্থানে পাশাপাশি, মুখোমুখি থেকে এরা আমাদের আহ্বান জানায়। সে আহ্বানে সাড়া দিলে, আমার বিশ্বাস, অযথা কালক্ষেপনের কিংবা শান্তিভঙ্গের আশংকা তো নেই-ই বরং চিত্তবৃত্তির প্রভূত সৌকর্য সাধন সম্ভব। অন্তত কাঙ্খিত।

প্রকল্পটির শুরু এরকম—প্রথমে প্রলয় দত্ত কিছু ফরাশি কবিতার অনুবাদ শুরু করে; প্রলয় চট্টগ্রাম আলিয়ঁস ফ্রঁসেজের একনিষ্ঠ ছাত্র-সদস্য ও সাহিত্যকর্মী। পরে আলিয়ঁসের তরুণ পরিচালক—শিক্ষক জেরার দ্যুপুাই-র মাথায় এক নতুন ভাবনা আসে। সংশোধনের পর্যায়ে এসে এর সাথে সমভাবাপন্ন ফরাশিতে অনূদিত কিছু বাংলা কবিতা পাশাপাশি সাজাবার ইচ্ছা তাঁর মনে জাগে। প্রলয়ের ঝুলিতে তা-ও পাওয়া গেল। মাদ্‌মোয়াজেল্ মারিক্রঁস মানাস সংযোজন করলেন তাঁর আঁকা কয়েকটি ছবি যাতে কবিতার ভাববস্তু আরেকটু বিস্তৃতি লাভ করল। অবশেষে আমার ওপর ভার পড়ল বইটির সম্পাদনা তথা নামকরণ, পূর্ণ পরিমার্জনা, অল্পবিস্তর সংযোজনা এবং একটি ভূমিকা রচনার। আমাদের সবাকার আপাত বিচ্ছিন্ন প্রয়াসের একটি সমন্বিত রূপ এ-বই যাতে কবিতার একটি 'কল্পিত যাদুঘর' তথা 'দেয়ালহীন রত্নাগার' (অঁদ্রেমালরো) নির্মাণের পথে কিছু সোপান তৈরী হলো বলে আমাদের বিশ্বাস। দোষত্রুটি-সহ তা' কাব্যানুরাগী পাঠকের সমর্থন লাভ করলে আমাদের শ্রম সার্থক হবে। বলা বাহুল্য, ফরাশি কিংবা বাংলা কবিতার কোনো প্রতিনিধিত্বমূলক সংকলন এটি নয়। অনেকটা আকস্মিক ভাবেই এর নির্বাচন।

আমাদের সংকলনের প্রথম কবিতা রবীন্দ্রনাথের (১৮৬১-১৯৪১)। নবেল পুরস্কার-প্রাপ্ত বাঙালী কবির বিশ্বখ্যাতি এখনো অম্লান—এ তথ্য সবার জানা। 'প্রথম দিনের সূর্য' তাঁর অন্যতম অস্থির রচনা। এর সঙ্গে জুড়ি হয়েছে দেস্‌নোসের 'বায়নলে সড়কের সূর্যের গান'। রবের দেস্‌নোস্ (১৯০০-১৯৪৫) প্রথমে স্যুর্‌রেয়ালিস্ট পরে রোঁমতিক্ কবিরূপে পরিচিতি লাভ করেন। দ্বিতীয় মহাযুদ্ধের সময় প্রতিরোধের কাজে লিপ্ত থাকায় নাৎসীদের হাতে আটক হন এবং নির্বাসনে অকালে মৃত্যু বরণ করেন। তাঁর প্রেমের কবিতা আশ্চর্য সুন্দর, মর্মস্পর্শী।

এরপর সুকান্ত ভট্টাচার্যের 'একটি মোরগের কাহিনী'. কিশোর প্রতিভা সুকান্ত (১৯২৬—১৯৪৭) বাংলা সাহিত্যেতিহাসের অন্যতম বিস্ময়—রাজনীতির প্রভাবযুক্ত এক নতুন বাস্তবতার সংযোজন তাঁর কৃতিত্ব। অনূদিত কবিতাটি ইতিমধ্যে সুধী ফরাশি পাঠকের মনোযোগ আকর্ষণ করেছে—সে তথ্য এখানে পরিবেশন করা যেতে পারে। বরিস ভিয়-র কবিতা এর সঙ্গে পাঠযোগ্য। ভিঁ (১৯২০-১৯৫৯) অনুত্তীর্ণ চল্লিশের জীবনে প্রচুর গল্প, উপন্যাস, নাটক রচনা করেছেন। তবে তাঁর কবিখ্যাতি অনেকটা মরণোত্তর। সৃষ্টিধর্মী প্রতিভা হিসেবে তাঁর তুলনা তিনিই। স্যুর্‌রেয়ালিস্‌ম্ ও অস্তিত্ববাদের পথ ধরে তিনি অনেক নতুনত্ব এনেছেন—প্রকৌশল বিদ্যার পাঠ অসমাপ্ত রেখে তিনি সংস্কৃতি জগতে বিবিধ কৌশল প্রদর্শন

করেছেন: অভিনেতা, গায়ক, জাজ-সংগীতের-গ্রন্থী সাংবাদিক ও সাহিত্যিক—সবক্ষেত্রেই প্রতিভার পরিচয় রেখে গেছেন, যার স্বীকৃতি তরুণ ফরাশিরা এখন ও দিয়ে যাচ্ছে সোৎসাহে।

শহীদ কাদ্‌রী (জন্ম ১৯৩৪) পঞ্চাশের দশক থেকে লিখে আসছেন। আপাত রুক্ষতার মধ্যে স্নিগ্ধতার প্রকাশ, সম্পূর্ণ নিজস্ব ভঙ্গীতে—শহীদের প্রধান বৈশিষ্ট্য এই। 'প্রিয়তমাসু' তাঁর অন্যতম জনপ্রিয় কবিতা। জাক্ প্রেভের (জন্ম ১৯০০) আর কাদ্‌রীর মধ্যে বয়েসের পার্থক্য থাকলেও ভাব ও শব্দব্যবহারের মধ্যে কিছু মিল লক্ষ্যযোগ্য। দেস্‌নোসের মতো ১৯৩০ সাল অবধি প্রেভের ও স্যুররেয়ালিস্ত গ্রুপের একজন ছিলেন। এরপর তাঁর প্রধান কর্মক্ষেত্র হয়ে পড়ে সিনেমা জগৎ। তবু ইতোমধ্যে রচিত তাঁর অজস্র গান ও কবিতা তাঁর জন্য বহন করে এনেছে অভূতপূর্ব জনপ্রিয়তা। সহজ-সরল শব্দ-ব্যবহারে তিনি আশ্চর্য-ইঙ্গিতধর্মী-ব্যঞ্জনা সৃষ্টিতে সক্ষম।

সৈয়দ ইফজাল আহমেদ (জন্ম ১৯৪৫) আলিয়ঁস ফ্রঁসেজের ছাত্র। 'শিউড়ি' কবিতায় তাঁর আন্তর্জাতিক চেতনার পরিচয় বিধৃত। অন্যপক্ষে পোল ক্লোদেল (১৮৬৮-১৯৫৫) আধুনিক কালের ফরাশি প্রতিভূর বিশেষ প্রতিভূ-স্বরূপ ব্যক্তিত্ব। কবি, নাট্যকার এবং কূটনীতিজ্ঞ হিসেবে তাঁর খ্যাতি বিশ্বব্যাপী। র‍্যাঁবোর অনুসৃতি থেকে ধর্মীয় আধ্যাত্মিকতায় জীবনের তাৎপর্য অনুসন্ধানে তিনি তৎপর হয়েছেন ধাপে ধাপে।

শামসুর রাহমান (জন্ম ১৯২৯) উত্তর-ঔপনিবেশিক পর্বের নতুন জেনারেশানের সবচে' সৃষ্টিশীল কবি-প্রতিভা। দীর্ঘদিনের নিরবচ্ছিন্ন কাব্য সাধনা তাঁকে সবচে' জনপ্রিয় কবির মর্যাদায় অভিসিক্ত করেছে অধুনা।' অবশ্য এর মূলে রয়েছে ভাব ও বর্ণনাভঙ্গীর আধুনিকতা, এবং রোমেন্টিকতা ও বাস্তবতার সুষম অনুধ্যান। একটি সূক্ষ্ম চেতনা যেন একবির হৃদয়কে সর্বমুহূর্তে বিষয়উন্মুখ করে রেখেছে—দৃষ্টিভঙ্গীর স্বচ্ছন্দ মৌলিকতা এবং সরস প্রকাশ ক্ষমতার গুণে যার শিল্পায়ন উচ্চাঙ্গের। পোল এলুয়ার (১৮৯৫-১৯৫২) আরও ব্যাপকতর পটভূমিতে আরও অধিক কাল কাব্যচর্চা করলেও, বলতে গেলে, একই মেজাজের মানুষ। কখনো শান্ত স্বরে যৌবনের অস্থিরতা, কখনো দৃপ্তকণ্ঠে যুদ্ধের প্রতিবাদ কিংবা স্বাধীনতার স্বপক্ষে তীব্রক একাত্মতা তাঁর কাব্যে মুখর। স্যুররেয়ালিস্ত দল যাঁরা গঠন করেছিলেন, এলুয়ার তাঁদের অন্যতম। হয়তো কখনোই তিনি এই মতবাদের প্রভাব মুক্ত হতে পারেন নি যদিও প্রতিরোধ ও প্রেমের কবিতার ক্ষেত্রে তিনি নতুন ঐতিহ্য নির্মাণে সক্ষম হয়েছিলেন। 'কমিটেড' হওয়া সত্ত্বেও তার কবিতা মানবতন্ত্রী মনোভাব এবং চিরায়ত সৌন্দর্যের ধারক-বাহক।

আবদুল মান্নান সৈয়দ (জন্ম ১৯৪৩) অন্যতম প্রতিভাবান তরুণ কবি—যাঁর রচনায় এক বলিষ্ঠ প্রত্যয়বোধ বিশেষভাবে সংবেদ্য। গত দশ বছরে তাঁর প্রচুর গল্প, কবিতা প্রবন্ধ, সমালোচনা প্রকাশ পেয়েছে। এওজেন্ গীল্‌ভিক্ (জন্ম ১৯০৭) অন্যপক্ষে একজন প্রবীন স্বিতধী কবি। তাঁর কালের স্যুর্‌রেয়ালিসমের প্রভাব থেকে নিজেকে মুক্ত রেখে পঁয়ত্রিশ বৎসর বয়সে প্রথম কবিতা প্রকাশ করেন। গীল্‌ভিকের কবিতায় মৌল উপাদান সমূহ, এমনকি খনিজ পদার্থ অবধি প্রাধান্য লাভ করেছে। এবং এক আশ্চর্য সংক্ষিপ্ত, সংযত বাকভঙ্গী তাঁর আয়ত্বাধীন। পঞ্চাশের দশক থেকে তিনি চরম বামপন্থী, সংগ্রামী সাহিত্য রচনায় নিয়োজিত। অবশ্য উদার ভাতৃত্ববোধের জয়গান তাঁর কাব্যের স্বীকৃত বৈশিষ্ট্য। এবছর, ১৯৭৬ সালে ফরাশি আকাদেমীর সর্বোচ্চ কবিতা পুরস্কার (২৫,০০০ ফ্রা-২৫০০ পাউণ্ড) তাঁকে দেওয়া হয়েছে। বর্তমানে তিনি মালার্মে আকাদেমীর সভাপতি।

পিয়ের রভেদি (১৮৮৯-১৯৬০) অল্প বয়সেই একটু অদ্ভুত ধরনের কবিতা প্রকাশ করেন তাঁর জন্মভূমি নার্বনের পত্র-পত্রিকায়। ১৯১০ সাল থেকে পারীতে এসে পিকাসো, ব্রাক্, আপল্লিনের প্রমুখের সঙ্গে যোগ দিয়ে কিউবিষ্ট শিল্প-আন্দোলন শুরু করেন। র‍্যাঁবোর অনুসৃতি সত্ত্বেও তিনি এক মোহন রূপকল্প সৃষ্টিতে সার্থক; তাঁর মতে, "কবি স্বপ্ন ও বাস্তবের অংশ বিশেষ ধারণ করতে বাধ্য।" ১৯১৬ সালে তাঁর সম্পাদিত 'উত্তর-দক্ষিণ' যথাযথভাবে 'নতুন কবিতার গবেষণাগারে' পরিণত হয়। কিন্তু স্যুররেয়ালিস্তদের সাথে তাঁর ঐক্যমত হয়নি। বাস্তবতার এক নতুন ভাষা তাঁর নির্মিতি। নৈঃসঙ্গ্যবোধ ও নিরর্থচেতনা কাম্যুর আগে রভেদির উপলব্ধিতে প্রত্যক্ষ। ১৯২৬ সাল থেকে গভীর ধর্মীয় বোধে আচ্ছন্ন তাঁর কাব্যে এক নতুন নিরীক্ষার ব্যঞ্জনা শ্রুত। তাঁরই মতো প্রভাবশালী কবি-বুদ্ধিজীবী সৈয়দ আলী আহসান (জন্ম ১৯২২)। বিচিত্র বিশ্ববীক্ষায়, জীবন ও প্রকৃতির উপলব্ধির সূত্রে তিনি অস্তিত্বের স্বরূপ নির্ণয়ে অভিলাষী। এই অভিলাষ তাঁকে নিরন্তর বিবিধ পরীক্ষা নিরীক্ষায় নিয়োজিত রেখেছে। ১৯৭৪ সালে তাঁর 'কাব্য-সমগ্র' প্রকাশিত হয়েছে। ফরাশি কবি ইভঁ গলের অনুবাদ তাঁর অন্যতম কৃতিত্ব। কবিতা সম্পর্কে তাঁর মতামত বিশেষ উল্লেখযোগ্য। একে তিনি 'সচেতন অনুভূতির শিল্প'-রূপে গণ্য করেছেন। তাঁর মতে, 'আবেগ যদি চিন্তার দ্বারা সমর্থিত না হয়, তবে সে আবেগ কুহেলিকাই সৃষ্টি করতে পারে—জীবনের সম্ভাবনা জাগায় না। তাই শুধুমাত্র আবেগের উপর নির্ভর করে যে-সব কবিতা তাতে কোনও বিস্ময় নেই'।

এভাবে বস্তুত, আমরা এক বিস্ময়ের জগৎ পরিক্রমা শেষ করলাম। এতো স্বল্প পরিসরে এই পরিক্রমা সম্ভব হলো হয়তো দুই ভাষা গোষ্ঠির ভিন্ন ভাবজগতের কবিকর্মীদের 'বিচিত্র ভঙ্গুর শব্দের উদ্দেশ্যহীন সমস্বর' (সৈয়দ আলী আহসান) শোনার ফলেই। এবং এভাবেই হয়তো তৈরী হবে কবিতার বিশ্বভাষা যার কথা র‍্যাঁবো বলেছেন, এই ভাষা হবে, আত্মার জন্যে আত্মার ভাষা; চিন্তার সব কিছু—সৌরভ, শব্দ, রংকে যথোচিত ঝাঁকুনি দিয়ে চিন্তার সঙ্গে আষ্টেপৃষ্ঠে বেঁধে,—পরে ছুঁড়ে দেওয়া' তবেই মিলবে 'কবিতা' নামক দুর্লভ বস্তুর সাক্ষাৎ। কবিতার অস্তিত্বে বিশ্বাস করা তাই, ফরাশি আকাদেমীর সদস্য রজে কাইওয়া-র মতে, হোমার ও মালার্মের মধ্যে যে কিছু মিল আছে, তা অনুধাবন করা।

আমাদের 'সমান্তরাল' পথযাত্রার পরিসমাপ্তিতে একই দিগন্তে উপনীত হবার আশ্বাস ধ্বনিত হওয়া এজন্যে খুবই স্বাভাবিক। এর অনিবার্য প্রয়োজনীয়তায় আমরা বরাবর, সন্দেহ মুক্ত; কেননা অঁদ্রে মাল্‌রোর মতো আমরা এমতেরই বিশ্বাসী যে, 'কবিতার জন্যেও বড় দরকার, এক কল্পিত যাদুঘর তথা দেয়ালহীন রত্নাগার—এমন এক সংকলন যাতে গ্রন্থকারের প্রশংসাধন্য যেসব কবি অভিযাত্রীর দল শুধু প্রশ্ন করে যান, 'কবিতা কী?' তাদের জন্য অতীতকে টেনে আনা হবে না—বরং যাতে 'কী ভাবে' আমাদের সানুরাগ আগ্রহে হোমার মালার্মের সাথে মিলিত হন তা নির্ণয় করবার পদ্ধতি নির্দ্ধারিত হবে।' অলমতি বিস্তরেণ।

মাহমুদশাহ কোরেশী,
সভাপতি
আলিয়ঁস ফ্রঁসেজ্, চট্টগ্রাম।

প্রথম দিনের সূর্য

রবীন্দ্র নাথ ঠাকুর

প্রথম দিনের সূর্য
প্রশ্ন করেছিল,
সত্তার নূতন আবির্ভাবে
কে তুমি?
মেলেনি উত্তর।

বৎসর বৎসর চলে গেল।

দিবসের শেষ সূর্য
শেষ প্রশ্ন উচ্চারিল
পশ্চিম সাগর তীরে
নিস্তব্ধ সন্ধ্যায়
কে তুমি?
পেল না উত্তর।



LE SOLEIL DU PREMIER JOUR

RABINDRA NATH TAGORE



Le soleil levant
demanda
à l'aurore de l'existence :
"Qui êtes-vous ?"
La réponse ne fut pas donnée.

Plusieurs années se sont écoulées.

Le soleil couchant
posa la dernière question
au crépuscule
d'une plage occidentale :
"Qui êtes-vous ?"
La réponse ne fut pas reçue.

COUPLET DE LA RUE DE BAGNOLET

ROBERT DESNOS

Le soleil de la rue de Bagnolet
N'est pas un soleil comme les autres.
Il se baigne dans le ruisseau,
Il se coiffe avec un seau,
Tout comme les autres.
Mais, quand il caresse mes épaules,
C'est bien lui et pas un autre.
Le soleil de la rue de Bagnolet
Qui conduit son cabriolet
Ailleurs qu'aux portes des palais.
Soleil ni beau, ni laid,
Soleil tout drôle et tout content.
Soleil d'hiver et de printemps
Soleil de la rue de Bagnolet,
Pas comme les autres.

বায়নলে সড়কের সুর্যের গান

রবের দেস্‌নোস্‌

বায়নলে সড়কের সূর্য
অন্যান্য সূর্যের মত নয়
ঝর্ণাটায় স্নান সেরে
একটা বালতি দিয়ে মাথা টা দেয় ঢেকে
সবকিছু অন্যদের মতো
কিন্তু যখন আমার দু'কাঁধে লাগে তার সোহাগ
তখন তা একান্ত তারই, অন্য কারো নয়
বায়নলে সড়কের সূর্য
অশ্বরথে নিয়ে চলে ঐশ্বর্য
আরো চলে প্রাসাদ তোরণ পেরিয়ে
না-সুন্দর না-কুৎসিত
ভারি মজার খুশী টগবগ এ সূর্য
শীতের কিংবা বসন্তের সূর্য
অন্য সূর্যের চেয়ে ভিন্ন
বায়নলে সড়কের সূর্য।

(অনুবাদ : আতাউর রহমান)

একটি মোরগের কাহিনী

সুকান্ত ভট্টাচার্য

একটি মোরগ হঠাৎ আশ্রয় পেয়ে গেল
বিরাট প্রাসাদের ছোট্ট এক কোণে,
ভাঙা প্যাকিং বাক্সের গাদায়—
আরো দু'তিনটি মুরগীর সঙ্গে।
আশ্রয় যদিও মিলল,
উপযুক্ত আহার মিলল না।
সুতীক্ষ্ণ চীৎকারে প্রতিবাদ জানিয়ে
গলা ফাটাল সেই মোরগ
ভোর থেকে সন্ধ্যে পর্যন্ত—
তবু ও সহানুভূতি জানাল না সেই বিরাট শক্ত ইমারত।

L'HISTOIRE D'UN COQ

SUKANTA BHATTACHARYA

Un jour, un coq trouva refuge
non loin d'une belle demeure,
dans une vieille caisse
ou vivaient deux ou trois poules.

Bien que l'abri soit trouvé
le couvert manquait.
Coqueriquant du matin au soir
il protestait de sa misère ;
Mais la grande maison ne s'en souciait pas.

তারপর শুরু হল তার আঁস্তাকুড়ে আনাগোনা :
আশ্চর্য ! সেখানে প্রতিদিন মিলতে লাগল
ফেলে দেওয়া ভাত-রুটির চমৎকার প্রচুর খাবার।
তারপর এক সময় আঁস্তাকুড়েও এল অংশীদার
ময়লা ছেঁড়া ন্যাকড়া পরা দু' তিনটে মানুষ ;
কাজেই দুর্বলতর মোরগের খাবার গেল বন্ধ হয়ে।

খাবার ! খাবার ! খানিকটা খাবার !
অসহায় মোরগ খাবারের সন্ধানে
বার বার চেষ্টা করল প্রাসাদে ঢুকতে,
প্রত্যেকবারই তাড়া খেল প্রচণ্ড।
ছোট্ট মোরগ ঘাড় উঁচু করে স্বপ্ন দেখে—
'প্রাসাদের ভেতর রাশি রাশি খাবার' !

তার পর সত্যিই সে এক দিন প্রাসাদে ঢুকতে পেল,
একে বারে সোজা চলে এল
ধপ ধপে সাদা দামী কাপড়ে ঢাকা খাবার টেবিলে
অবশ্য খাবার খেতে নয়—
খাবার হিসেবে।

Alors notre coq alla quérir sa nourriture,
dans les poubelles.
Là il trouvait toujours quelques déchets ;
du riz ou du pain,
que deux ou trois misérables
aux habits sales et déchirés,
venaient parfois lui disputer.

Nourriture ! Nourriture ! Un peu de nourriture !
Criait notre humble coq affamé.
Il essayait bien parfois d'entrer dans la maison,
mais chaque fois il en était chassé.
Notre pauvre coquelet
rêvait aux mets délicieux du palais.

Pourtant un jour il y entra.
Et directement,
il se trouva sur la table
couverte d'une précieuse nappe blanche.
Naturellement, non pour manger,
mais pour y être mangé.

LE PRISONNIER

BORIS VIAN

Un soldat se traînait sur la route
Les deux poignets liés
Un soldat se trainait sur la route
Avec ses vieux souliers
Tout le long de la ville
Il y avait des veuves
En le voyant si triste
Se mettent à pleurer
Marche, brave soldat, marche
Sur la route, marche
Ils t'ont fait prisonnier

Ils l'ont mis dans une forteresse
Les deux poignets liés
Ils l'ont mis dans une forteresse
Accroché par les pieds
Des hommes sont venus
Des lames éffilées
Le sang sur sa peau nue
Commence à ruisseler
Parle, brave soldat, parle
Il faut que tu parles
Car tu es prisonnier

বন্দী

বরিস ভিয়ঁ

রাস্তায় গড়াগড়ি যাচ্ছিল এক সৈনিক
হাত দুটো বাঁধা
পায়ে পুরোনো জুতা
রাস্তায় গড়াগড়ি যাচ্ছিল এক সৈনিক
ওখানে ছিল কয়েক জন বিধবা
তারা তার দুঃখ দেখে
কেঁদেছিল
এগিয়ে চলো, হে সাহসী সৈনিক, এ গিয়ে চলো
রাস্তার উপর দিয়ে এগিয়ে চলো
ওরা তোমায় রেখেছে বন্দী করে

ওকে রাখা হয়েছিল এক বন্দীশালায়
দু' হাত বেঁধে
পা দুটোর সাথে
ওরা তাকে রেখে ছিল বন্দীশালায়
প্রচুর লোকজন দেখতে এসেছিল
চারদিকে ছিল ধারাল ছুরি
অনাবৃত ত্বকের উপর
গড়িয়ে পড়ছিল রক্ত
কথা বলো, সাহসী সৈনিক, কথা বলো
তোমাকে বলতেই হবে
কারণ তুমি বন্দী

Si je dis ce que je ne veux dire
Je pourrai m'en aller
Si je dis ce que je ne veux dire
Ils vont me libérer
Mais si je veux me taire
Jamais ne reverrai
Ma femme ni ma mère
Et mes enfantelets
Pleure, brave soldat, pleure
Il faut que tu pleures
Comme les prisonniers

Quand il eut vendu ses camarades
On l'a laisse aller
Quand il eut vendu ses camarades
On l'a laissé aller
Portant sa pauvre honte
Son pauvre corps blessé
S'en alla sur la route
Avec ses vieux souliers
Marche, brave soldat, marche
Sur la route, marche
Car ils t'ont libéré

যদি বলি যে আমি বলতে চাই না
আমি ওখানে যেতে পারব
যদি বলি যে আমি বলতে চাই না
ওরা আমায় মুক্তি দেবে
কিন্তু যদি চুপ করে থাকি
আর কখনো দেখবো না
দারাপুত্রপরিবার আর
আমার মাকে
কাঁদো, সাহসী সৈনিক, কাঁদো
তোমাকে কাঁদতেই হবে
বন্দীদের মতো

যখন সে বন্ধুদের বিক্রি করেছিল
তখনও তাকে যেতে দেয়া হয়েছিল
যখন সে বন্ধুদের বিক্রি করেছিল
তখনও তাকে যেতে দেয়া হয়েছিল
তবু তার দরিদ্র লজ্জা
হতভাগ্য আহত শরীরে বহন করে
রাস্তায় চলে গিয়ে ছিল সে
পুরোনো জুতোগুলো সহ
এগিয়ে চল, হে সাহসী সৈনিক, এগিয়ে চল
ওরা তোমায় মুক্তি দিয়েছে এখন

Quand il est rentré dans sa demeure
Le temps avait coulé
Quand il est entré dans sa demeure
Une lettre il a trouvé
Pardonne-moi mon homme
On ne peut pas toujours
Coucher avec un rêve
Et se passer d'amour
Crève, brave soldat, crève
Mieux vaut que tu crèves
On ira t'enterrer . . .

যখন সে ফিরে এলো নিজবাসভূমে
সময় বয়ে গিয়েছিল তখন
স্বগৃহে ফিরে এসে
একটা চিঠি খুঁজে পেল সে
ক্ষমা কর নাগর আমায়
শুধু স্বপ্ন নিয়ে শুয়ে থাকা
সম্ভব নয় চিরকাল
প্রেমের জন্যে
শেষ হয়ে যাও, সাহসী সৈনিক, শেষ হয়ে যাও
মৃত্যুবরণই শ্রেয় তোমার জন্যে
কেন না তোমার কবরের ব্যবস্থা ঠিকই করবো।



প্রিয়তমাসু

শহীদ কাদরী

ভেবেছি তোমার খোপার জন্যে
পাঠাবো একটি সোনালী তারা
সে কেবল কথা হালকা, নীল ও
কুয়াশাময়।
বরং কিনেছি উজাড় পকেটে
সেণ্টের শিশি, স্বপ্ন মাখা
রাত্রে তোমাকে স্বপ্নেও দেখি
গণিকালয়ের সারিতে একা,
আমারি মুখের মতন হাজার
মুখের মিছিল
তোমার জন্যে প্রতীক্ষায়।

MA CHERIE

SHAHID QUADRI

Je désirais t'offrir une étoile d'or.
Mais c'est du rêve, des paroles légères.
Plutôt t'acheter en vidant mes poches,
un flacon de parfum au senteur de rêve.
Mes rêves endormis te voient,
seule au rang des prostituées.
Et comme moi une foule de mille visages,
t'attendent.

POUR TOI MON AMOUR

JACQUES PREVERT

Je suis allé au marché aux oiseaux
Et j'ai acheté des oiseaux
Pour toi
mon amour
Je suis allé au marché aux fleurs
Et j'ai acheté des fleurs
Pour toi
mon amour
Je suis allé au marché à la ferraille
Et j'ai acheté des chaînes
De lourdes chaînes
Pour toi
mon amour
Et puis je suis allé au marché aux esclaves
Et je t'ai cherchée
Mais je ne t'ai pas trouvée
mon amour.

তোমার জন্যে প্রিয়তমা

জাক্ প্রেভের্

পাখীর হাটে গিয়ে
কিনেছি পাখী
তোমার জন্যে
প্রিয়তমা
ফুলের হাটে গিয়ে
কিনেছি ফুল
তোমার জন্যে
প্রিয়তমা
লোহার হাটে গিয়ে
কিনেছি শিকল
ভারী ও শক্ত
তোমার জন্যে
প্রিয়তমা
এবং তারপর ক্রীতদাসের হাটে গিয়ে
খুঁজেছি তোমাকে
কিন্তু পাইনি খুঁজে তোমাকে
প্রিয়তমা।

সিউড়ী : আজকে ও কালকে

সৈয়দ ইফজাল আহ্‌মেদ

মনে হল শহর সিউড়ী
যেন হাজার বছরের এক বুড়ী
কুঁজিয়ে কুঁজিয়ে হেঁটে চলে
জীর্ণ শীর্ণ পা ফেলে।
মনটা আজ তাই—বিষাদে ভরে যায়
আহা! শহরটা সোজা হয়ে হাঁটুক!
আহা! এ শহর কেন বিষাদ মলিন?
গোটা ভারতটায় কোন কি শহর নাই
যার মুখে পাবে তুমি হাসি?
সব শহর গুলিই রুটির কাঙাল
যেখানে চাইবে সুধা, সবাই বলবে ক্ষুধা
আজ যেন বেঁচে থাকা ভীষণ দায়।
যুবতী শহরে যাবে?
তুমি তার দেখা পাবে, ভিয়েৎনামে, চীনে;
যুবতী শহরে যাবে?
পিকিঙে? হ্যানয়ে?
শুধু যুবতী হ্যানয় নয়
রাইফেল বলে ডেকো তারে,
মেকং এর গান শুনো,
গঙ্গার বোন ওটা কিনা।

SIURI, AUJOURD' HUI ET DEMAIN

SYED IFZAL AHMED

Il semble que la ville de Siuri
est une vieille dame de mille ans,
marchant avec le dos courbé,
les jambes minces et faibles.
Le coeur est plein de tristesse.
Ah ! il faut qu'elle marche bien ;
Pourquoi est-elle si triste ?
Existe-t-il une ville
dans l'Inde toute entière
où vous trouverez le refrain du rire ?
Toutes les cités ont faim de pain.
Partout, ou vous cherchez la douceur
tout le monde dit "faim".
Qu'il est difficile de survivre !
Voulez-vous aller à la jeune ville ?
Vous la rencontrerez au Vietnam, en Chine.
Voulez-vous aller à la jeune ville ?
A Pékin ? A Hanoï ?
Ce n'est pas seulement la jeune Hanoï ;
appelez-la le fusil.
Ecoutez la chanson du Mékong
c'est la soeur du Gange.

জানো মেকং—গঙ্গায় এক দিন হবে গলা পানি
কলকাতা হ্যানয়ে

ভুখা কোলকাতা দেখো
আবার যৌবন পাবে, হ্যানয়ের বোন
আহা ! সিউড়ীটা দানাং এর আদর্শ পাক
আমি আবার সিউড়ীতে ফিরে এসে বলব :
কমরেড তুমি হয়েছ দানাং ।



Savez-vous qu'il y aura de l'eau
jusqu' au cou au Mékong et au Gange,
à Calcutta et à Hanoï ?

Calcutta, la cité affamée
trouvera la jeunesse, elle est la soeur d'Hanoï.
Ah ! il faut que la Siuri tienne le modèle de Danang.
Quand j'y retournerai, je dirai.
"Camarades ! Vous avez été Danang."



ME VOICI

PAUL CLAUDEL

Cébès.—Me voiçi,
Imbécile, ignorant,
Homme nouveau devant les choses inconnues,
Et je tourne ma face vers l'année et l'arche pluvieuse,
j'ai plein mon coeur d'ennui !
Je ne sais rien et je ne peux rien. Que dire ? que faire ?
A quoi emploierai-je ces mains qui pendent, ces pieds
Qui m'emmènent comme le songe nocturne ?
La parole n'est qu'un bruit et les livres ne sont que
du papier.
Il n'y a personne que moi ici. Et il me semble que tout
L'air brumeux, les labours gras,
Et les arbres et les basses nuées
Me parlent, avec un discours sans mots, douteusement.
Le laboureur
S'en revient avec la charrue, on entend le cri tardif.
C'est l'heure où les femmes vont au puits.

এইত আমি

পোল ক্লোদেল

সেবেস, এইত আমি,
অপদার্থ, অর্বাচীন,
অচেনা জগতে নবাগত
বছর এবং বৃষ্টির দিকে মুখ ফিরিয়েছি
এক বুক ব্যথা নিয়ে !
আমি কিছুই জানি না এবং করতে পারি না,
কী বলব ? কী করব ?
কীভাবে এ'হাত পা গুলোকে কাজে লাগাব ?
যা রাতের স্বপ্নের মত আমাকে নিয়ে চলছে
কথাগুলো শব্দ ছাড়া আর কিছুই নয় আর বইগুলো
কাগজ,
এখানে আমি ছাড়া আর কেউ নেই
এবং আমার কাছে মনে হয় যেন
কুয়াশাময় বাতাস, শষ্যক্ষেত্র,
বৃক্ষরাজি, নীচু মেঘের টুকরো
আমার কাছে ভাষাহীন অভিব্যক্তিপ্রকাশ করছে।
কৃষক
লাঙল নিয়ে ফিরে আসে, বীভৎস চিৎকার
শোনা যাচ্ছে
এখন সময় মেয়েদের জলকে চল্ ।

Voici la nuit.—Qu'est-ce que je suis ?
Qu'est-ce que je fais ? Qu' est ce que j'attends ?
Et je réponds : je ne sais pas ! et je désire en moi-même
Pleurer, ou crier
Ou rire, ou bondir et agiter les bras !
"Qui je suis" ? Des plaques de neige restent encore, je tiens une branche de minnonet à la main.

Car Mars est comme une femme qui souffle sur un feu de bois vert.
—Que l'été
Et la journée épouvantable sous le soleil soient oubliés,ô choses, ici,
Je m'offre à vous !
Je ne sais pas !
Voyez-moi ! j'ai besoin,
Et je ne sais pas de quoi et je pourrais crier sans fin.

এই ত রাত, আমি কে ?
কী করছি ? কার জন্যে অপেক্ষা ?
সাফ জবাব : আমি জানি না এবং
আমার কাঁদতে ইচ্ছে করছে,
চিৎকার করতে ইচ্ছে করছে,
অথবা হাসতে অথবা লাফ দিতে
অথবা হাত-পা ছুঁড়তে।
আমি কে ? এখন ও কতগুলো বরফের
টুকরো আছে
আমার হাতে উইলো তরুর একটা শাখা
কারণ মার্চ মাস কাঁচা কাঠের আগুনে
ফুঁদান রতা রমণীর মত।
গ্রীষ্মকাল
এবং সূর্যের নীচে ভয়াবহ দিন গুলো
ভুলে যাওয়া যেতে পারে
এখানে যা কিছু উপস্থিত,
নিজেকে তোমাদের কাছে নিবেদন করছি !
আমি জানি না,
তাকাও আমার দিকে ! আমার প্রয়োজন আছে
জানি না কিসের তরে, কেমন করে কাঁদা যাবে
অনন্তকাল।

পক্ষপাত

শামসুর রাহমান

ঘাসের নীচের সেই বিষাক্ত সাপকে ভাল বাসি
কেননা সে কপট বন্ধুর চেয়ে ক্রূর নয় বেশী।

ভালবাসি রক্তচোষা অন্ধ বাদুরকে,
কেননা সে সমালোচকের চেয়ে ঢের বেশী অনুকম্পাময়।

রাগী বৃশ্চিকের দংশন আমার প্রিয়
কেননা সে দংশনের জ্বালা অবিশ্বাসিনী প্রিয়ার
লাল চুম্বনের চেয়ে অধিক মধুর।

আমি কালো অরণ্যের সুকান্ত বাঘকে ভালবাসি।
কেননা সে একনায়কের
মতো কোনো সুপরিকল্পিত
সর্বগ্রাসী শত্রুতা জানে না।

PREJUDICE

SHAMSUR RAHMAN

J'aime le serpent venimeux dans l'herbe
parce qu'il est moins cruel qu'un ami hypocrite.

J'aime les vampires qui sucent le sang
parce qu' ils sont plus sympathiques qu'un critique.

J'aime la piqûre du scorpion coléreux
parce qu' elle est plus douce que le baiser rouge
d'une amante infidèle.

J'aime le tigre robuste de la forêt noire
parce qu'il ne connaît pas
la haine dévastatrice et préméditée
du dictateur.

L' AMOUREUSE

PAUL ELUARD

Elle est debout sur mes paupières,
Et ses cheveux sont dans les miens,
Elle a la forme de mes mains,
Elle a la couleur de mes yeux,
Elle s'engloutit dans mon ombre
Comme une pierre sur le ciel.

Elle a toujours les yeux ouverts
Et ne me laisse pas dormir.
Ses rêves en pleine lumière
Font s'évaporer les soleils,
Me font rire, pleurer et rire,
Parler sans avoir rien à dire.

প্রেমিকা

পোল এলুয়ার

আমার চোখের পাতায় তার উদ্ভল উপস্থিতি,
আমার চুলের মাঝে তার চুল গুচ্ছ,
আমার হাতের মত তার অবয়ব,
আমার চোখের মত তার গায়ের রঙ,
আকাশে এক টুকরো পাথরের মত
নিজেকে সে মিলিয়ে দেয় আমার ছায়ায়।

নির্নিমেষ তার চোখ,
আমাকে ঘুমোতে দেয় না, একবার ও না।
পুরোপুরি আলোয় দেখা তার স্বপ্ন যত
সূর্যকে উবে নিয়ে যায়,
আমাকে হাসায়, কাঁদায় আর হাসায়,
বলার কিছু না থাকলে ও কথা বলায়।

গোঁয়ার ষাঁড়ের শিঙ

আবদুল মান্নান সৈয়দ

জীবন
শিল্প
গোঁয়ার ষাঁড়ের দুটি শিঙ
কিছুতেই বাগ মানে না

আমি
তার পিঠে টলন্ত রাখাল
ডাইনে এক বার
একবার বামে

এমি করে
সূর্য-বসানো দীঘল দিনগেলো
তমসা আটা দীঘল রজনী

আজ
অনেক কাঁটাগাছঅলা মাঠ
অনেক স্বপ্ন ও বাস্তবের দিবা রাত্রি
পেরিয়ে

আমি তৈরী।

LES CORNES D'UN BOEUF COLEREUX

ABDUL MANNAN SYED

La vie,
l'art,
sont deux cornes d'un taureau coléreux
domptable par aucun moyen.

Moi,
le bouvier, je balance sur son dos,
une fois à droite,
une fois à gauche.

Ainsi faisant,
le jour ensoleillé est passé,
la longue nuit sombre est passée.

Aujourd' hui,
traversant
les champs de buissons épineux,
beaucoup de rêves . . .
et les jours et les nuits de la réalité.

Je suis prêt.

J'AI VU LE MENUISIER

EUGENE GUILLEVIC

J'ai vu le menuisier
Tirer parti du bois.

J'ai vu le menuisier
Comparer plusieurs planches.

J'ai vu le menuisier
Caresser la plus belle.

J'ai vu le menuisier
Approcher le rabot.

J'ai vu le menuisier
Donner la juste forme.

Tu chantais, menuisier
En assemblant l'armoire.

Je garde ton image
Avec l'odeur du bois.

Moi, j'assemble des mots
Et c'est un peu pareil.

আমি দেখেছি ছুতারকে

ইউজেন্ গীলভিক্

আমি দেখেছি ছুতারকে
কাঠ কেটে চলে যেতে

আমি দেখেছি ছুতারকে
অনেকগুলো তক্তা নিয়ে তুলনা করতে

আমি দেখেছি ছুতারকে
সবচে' সুন্দরটাকে সোহাগ করতে

আমি দেখেছি ছুতারকে
পালিশ করার যন্ত্রটাকে টেনে নিতে

আমি দেখেছি ছুতারকে
সব কিছু ঠিক ভাবে সাজাতে

তুমি গান গেয়েছিলে, ছুতার
আলমারীটা জোড়া দিতে দিতে

কাঠের গন্ধের সাথে
আমি একাকার দেখি তোমার প্রতিচ্ছবি

আমার কাজ শব্দ বিন্যাস
এবং সেও প্রায় একই ধারার।

DEPART

PIERRE REVERDY

L'horizon s'incline,
Les jours sont plus longs
Voyage.

Un coeur saute dans une cage.
Un oiseau chante,
Il va mourir.

Une autre porte va s'ouvrir
Au fond du couloir
Où s'allume
Une étoile.

Une femme brune.

La lanterne du train qui part.

বিদায়

পিয়ের রভেদি

দিগন্তের শয়নে
প্রলম্বিত দিনের
যাত্রা

খাঁচায় সহসা আঁৎকে উঠা প্রাণ
একটা পাখীর গান
যে পাখী এখুনি মরবে

আর একটা দুয়ার খুলে যাবে
প্রশস্ত অলিন্দের প্রান্তে
যেখানে জ্বলবে
একটি নক্ষত্র

একটি নারী

আর বিদায়ী ট্রেনের বাতি।

গত রাত্রে রাত্রির নগর

সৈয়দ আলী আহ্সান

গত রাত্রে রাত্রির নগর
অনামাঙ্কিত হোল,
শিশির হয়তো তখন গাছের পাতায়
নক্ষত্র হয়েছে—
যখন রাত্রি নিমজ্জমান রমণীর
আকুল কেশগুচ্ছের মতো
বিলুপ্ত অন্তরালের অস্পষ্ট ইচ্ছার খেলায়
হৃদয়কে সরীসৃপ ক'রে
তোমাকে প্রশ্ন করলাম,
'অর্থের সঙ্গতি নিয়ে এই যে তোমার
নির্ভাবনাময় অভিসার
সেখানে কি সর্বনাশের প্রকল্প নেই?'
'আধুনিক কালে যখন বিশ্রাম ও কর্মের দোসর
যখন হৃদয় নিভৃত প্রকোষ্ঠে-কলগুঞ্জিত হয় না
যখন অবসর-আবিষ্কারের বিস্ময় নেই,
সেখানে অভিসার একটি স্বভাব।'

LA VILLE NOCTURNE DANS LA NUIT D'HIER

SYED ALI AHSAN

Dans la nuit d'hier
la ville nocturne
avait perdu son identité.
Les gouttes de rosée sont peut-être devenues
des étoiles sur les feuilles d'arbres,
quand la nuit ressemblait
aux cheveux d'une femme
qui se noie
mais dont les cheveux veulent vivre.
Dans le jeu du désir vague et insouciant
j'ai transformé mon coeur en serpent
et je t'ai posé la question :
"Ton rendez-vous chevaleresque
pour saisir le sens des mots
ne contient-il pas le projet d'un cataclysme ?"
"Dans les temps modernes,
lorsque le travail et les loisirs paraissent identiques,
lorsqu'il n'y a plus de murmures
dans les coins intérieurs du coeur,
lorsqu'il n'y a plus d'étonnements
dans la découverte même du plaisir,
alors, le rendez-vous ne devient qu'une habitude."

আমি বললাম, 'তুমি তোমার স্বভাবের অনিবার্যতায়
যন্ত্রণাকে হারিয়েছো।'
'আসন্ন মৃত্যু যেখানে প্রতি মুহূর্তে
পৃথিবীর ললাট লিপি
সেখানে নিষ্প্রাণ গতানুগতিকতায়
একটি অভিসারের খেলাকে বাঁচিয়ে রেখেছি।'
'এখন পৃথিবীতে প্রথম প্লাবনের নূহ যদি ফিরে আসেন
এবং আবার একটি প্লাবন দেখেন–
তিনি আর নৌকা খুঁজে পাবেন না।'

Je disais : "Toi, tu as perdu le goût de la souffrance
par la nature de ta propre habitude."
"Lorsque la mort est imminente
et que chaque moment représente le destin du monde,
là, dans mes habitudes sans vie,
j'ai fait survivre un seul jeu :
qui est ce rendez-vous."
"Désormais, si Noé des premières inondations revient
au monde
et se voit en face d'une autre inondation
il ne retrouvera plus l'arche."

(Traduit par Mahmud Shah Qureshi)

সমান্তরাল
Parallèle

রবীন্দ্রনাথ ঠাকুর
প্রথম দিনের সূর্য : ১২
Robert Desnos
Couplet de la rue de Bagnolet : 14
সুকান্ত ভট্টাচার্য
একটি মোরগের কাহিনী : ১৬
Boris Vian
Prisonnier : 20
শহীদ কাদরী
প্রিয়তমাসু : ২৭
Jacques Prévert
Pour toi mon amour : 28
সৈয়দ ইফজাল আহমেদ
সিউড়ী : আজকে ও কালকে : ৩০
Paul Claudel
Me voici : 34
শামসুর রাহমান
পক্ষপাত . ৩৮
Paul Eluard
L'Amoureuse : 40
আবদুল মান্নান সৈয়দ
গোঁয়ার ষাঁড়ের শিঙ : ৪২
Eugène Guillevic
J'ai vu le Menusier 44
সৈয়দ আলী আহসান
গতরাত্রে রাত্রির নগর : ৪৮
Pierre Reverdy
Départ : 46

Printed by SIGNET PRESS LIMITED CHITTAGONG